Page-11

দৈনিক জনকণ্ঠ

ঢাকা ॥ মঙ্গলবার
৪ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ
১৮ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ


# বারিতে নিরাপদ সবজি উৎপাদনে প্রশিক্ষণ

**স্টাফ রিপোর্টার, গাজীপুর ॥** নিরাপদ সবজি উৎপাদন বিষয়ে দুদিনব্যাপী প্রশিক্ষক প্রশিক্ষণ কর্মশালা বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে (বারি) শুরু হয়েছে। রবিবার বারির মহাপরিচালক ড. দেবাশীষ সরকার অতিথি হিসেবে উপস্থিত থেকে এ প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করেন।

কৃষি সম্প্রসারণ অধিদফতর (ডিএই) গাজীপুরের উপ-পরিচালক মোঃ সাইফুল ইসলামের সভাপতিত্বে এ প্রশিক্ষক প্রশিক্ষণে গেস্ট অব অনার হিসেবে উপস্থিত ছিলেন বিসেফ ফাউন্ডেশনের প্রেসিডেন্ট ড. মোঃ জয়নুল আবেদিন। উদ্বোধন অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বারির পরিচালক (উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র) ড. অপূর্ব কান্তি চৌধুরী, ডিএইর সরেজমিন উইংয়ের ভারপ্রাপ্ত পরিচালক সৈয়দ মোঃ রফিকুল আমিন, ঢাকা অঞ্চলের অতিরিক্ত পরিচালক বশির আহমেদ সরকার।

Page-3

ঢাকা ■ মঙ্গলবার ■ ১৮ জানুয়ারি ২০২২ ভোরের কাগজ




বারির সেমিনার কক্ষে নিরাপদ সবজি উৎপাদন বিষয়ে প্রশিক্ষক প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন অনুষ্ঠানে অতিথিরা। বিজ্ঞপ্তি

নিরাপদ সবজি উৎপাদন

# বারিতে প্রশিক্ষক প্রশিক্ষণ বিষয়ে কর্মশালা

বাংলাদেশ একাডেমি অব এগ্রিকালচারের (বাগ) উদ্যোগে নিরাপদ সবজি উৎপাদন বিষয়ে প্রশিক্ষক প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন অনুষ্ঠান গতকাল সোমবার বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের (বারি) সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। কৃষি গবেষণা ফাউন্ডেশনের (কেজিএফ) অর্থায়নে 'ক্যাপাসিটি বিল্ডিং অব সাম ফিল্ড লেভেল এক্সটেনশন ওয়ার্কার্স অব ডিএই, ডিওএফ, ডিএলএস এন্ড প্রোগ্রেসিভ ফার্মার্স অব বাংলাদেশ' শীর্ষক প্রকল্পের আওতায় আয়োজিত দুই দিনব্যাপী (১৭-১৮ জানুয়ারি) এ প্রশিক্ষণে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তারা অংশ নেন। বিজ্ঞপ্তি

বারি মহাপরিচালক ড. দেবাশীষ সরকার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করেন। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই), গাজীপুরের উপপরিচালক মো. সাইফুল ইসলামের সভাপতিত্বে এ প্রশিক্ষক প্রশিক্ষণে গেস্ট অব অনার হিসেবে উপস্থিত ছিলেন বিসেফ ফাউন্ডেশনের প্রেসিডেন্ট ড. মো. জয়নুল আবেদিন। উদ্বোধন অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বারির পরিচালক (উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র) ড. অপূর্ব কান্তি চৌধুরী, ডিএইর সরজমিন উইংয়ের ভারপ্রাপ্ত পরিচালক সৈয়দ মো. রফিকুল আমিন, ঢাকা অঞ্চলের অতিরিক্ত পরিচালক বশির আহমেদ সরকার। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ডিএইর সম্প্রসারণ কৃষি কর্মকর্তা ও প্রকল্পের ফোকাল পয়েন্ট কর্মকর্তা আব্দুল কাইয়ুম মজুমদার।

বারির উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্রের সবজি বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মোহাম্মদ আবু তাহের মাসুদ প্রশিক্ষণে প্রশিক্ষণ দেন। কন্দাল ফসল গবেষণা কেন্দ্রের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. মনিরুল ইসলাম, কীটতত্ত্ব বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. নির্মল কুমার দত্ত, উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্রের মৃত্তিকা ও পানি ব্যবস্থাপনা শাখার মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মুহা. আতাউর রহমান, পোস্টহারভেস্ট টেকনোলজি বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা মো. হাফিজুল হক খান ওই প্রশিক্ষণে প্রশিক্ষণ দেবেন।

Page - 5

মুক্ত চিন্তার দৈনিক
আজকালের খবর
The Daily Ajkaler khobor www.ajkalerkhobor.com
মঙ্গলবার ◆ ১৮ জানুয়ারি ২০২২ ◆ ৪ মাঘ ১৪২৮ ◆ ১৪ জমাদিউস সানি ১৪৪৩

# বারিতে নিরাপদ সবজি উৎপাদন বিষয়ে প্রশিক্ষক কর্মশালা

● গাজীপুর প্রতিনিধি




বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি)র সেমিনার কক্ষে গতকাল প্রশিক্ষক প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখেন বারি মহাপরিচালক ড. দেবাশীষ সরকার -আজকালের খবর

বাংলাদেশ অ্যাকাডেমি অব এগ্রিকালচার (বাগ) এর উদ্যোগে নিরাপদ সবজি উৎপাদন বিষয়ে প্রশিক্ষক প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন অনুষ্ঠান গতকাল সোমবার বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি)র সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। কৃষি গবেষণা ফাউন্ডেশন (কেজিএফ) এর অর্থায়নে "Capacity Building of Some Field Level Extension Workers of DAE, DoF, DLS and Progressive Farmers of Bangladesh" শীর্ষক প্রকল্পের আওতায় আয়োজিত দুই দিনব্যাপী এ প্রশিক্ষণে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তারা অংশগ্রহণ করেন।

এদিন সকালে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি)র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার প্রধান অতিথি হিসেবে কর্মশালার উদ্বোধন করেন। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই), গাজীপুরের উপ-পরিচালক মো. সাইফুল ইসলামের সভাপতিত্বে প্রশিক্ষক প্রশিক্ষণে গেস্ট অব অনার ছিলেন বিসেফ ফাউন্ডেশনের প্রেসিডেন্ট ড. মো. জয়নুল আবেদিন। বিশেষ অতিথি ছিলেন বারির পরিচালক (উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র) ড. অপূর্ব কান্তি চৌধুরী, ডিএই'র সরেজমিন উইংয়ের ভারপ্রাপ্ত পরিচালক সৈয়দ মো. রফিকুল আমিন, ঢাকা অঞ্চলের অতিরিক্ত পরিচালক বশির আহমেদ সরকার। স্বাগত বক্তব্য রাখেন ডিএই'র সম্প্রসারণ কৃষি কর্মকর্তা ও প্রকল্পের ফোকাল পয়েন্ট কর্মকর্তা আব্দুল কাইয়ুম মজুমদার।

বারি'র উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্রের সবজি বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মোহাম্মদ আবু তাহের মাসুদ প্রশিক্ষণে প্রশিক্ষণ প্রদান করেন। এবং কন্দাল ফসল গবেষণা কেন্দ্রের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. মনিরুল ইসলাম, কীটতত্ত্ব বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. নির্মল কুমার দত্ত, উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্রের মৃত্তিকা ও পানি ব্যবস্থাপনা শাখার মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মুহা. আতাউর রহমান, পোস্টহারভেস্ট টেকনোলজি বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা মো. হাফিজুল হক খান প্রশিক্ষণে প্রশিক্ষণ প্রদান করবেন বলে জানা গেছে।

the daily observer

page-6

Dhaka, Tuesday January 18, 2022




**Director General of Bangladesh Agricultural Research Institute Dr Debashis Sarker, as chief guest, inaugurated a workshop on Safe Vegetable Production in the seminar room of the BARI office in Gazipur City on Monday. Bangladesh Academy of Agriculture organized the two-day workshop aiming at "Capacity building of some field level extension workers of DAE, DoF, DLS and Progressive Farmers of Bangladesh." Director of BARI Dr Apurba Kanti Chowdhury and Additional Director of Dhaka Region DAE Bashir Ahmed Sarker were also present at the programme.** PHOTO: OBSERVER